খোকসায় বিএনপির প্রার্থীর বাড়িতে হামলা ও ভাংচুর

কুষ্টিয়ার খোকসা পৌরসভা নির্বাচনে বিএনপি মনোনিত প্রার্থী নাফিজ আহমেদ খান রাজুর বাড়িতে হামলা, ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার দিবাগত রাত ১০ টার দিকে এঘটনা ঘটে। এ ঘটনায় খোকসা উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক শিমুল ও উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক সিরাজুলসহ ৬ জনকে আটক করেছে পুলিশ।

এ বিষয়ে হামলার শিকার বিএনপির প্রার্থী বলেন, মঙ্গলবার রাত ১০টার দিকে আওয়ামী লীগের মেয়র প্রার্থী তারিকুলের ভাতিজা অনিকসহ ১৫-২০ জন হামলা চালিয়ে বাড়িতে মহিলাদের গায়ে হাত তোলে এবং ভাঙচুর করে একটি মোটরসাইকেল নিয়ে যায়।

ঘটনার সত্যতা স্বীকার করে খোকসা থানার ওসি কামরুজ্জামান তালুকদার বলেন, বিএনপির প্রার্থীর বাড়িতে হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় শিমুল ও সিরাজুলসহ ৬ জনকে আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা দায়ের হয়েছে বলেও জানান তিনি।

এসএম জামাল, কুষ্টিয়া থেকে।

মিরপুরে মধু মামুনের খামার পরিদর্শন করলেন ইউএনও এবং কৃষি কর্মকর্তারা

সরিষা ক্ষেতে মৌচাষের ফলে একদিকে ফলন বাড়ছে এবং মধু সংগ্রহের ফলে পুষ্টি নিরাপত্তা নিশ্চিত হচ্ছে।

গতকাল মঙ্গলবার দুপুরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ধুবাইলে

বিস্তীর্ণ মাঠজুড়ে থাকা সরিষা ক্ষেতে স্থাপিত মধু মামুনের মৌ- খামার পরিদর্শন করে সাংবাদিকদের এসব কথা জানান মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাস।

তিনি বলেন, একসময় মিরপুর উপজেলায় ব্যাপক পরিমাণ তামাকের চাষ হতো। এই মৌ চাষের মাধ্যমে সরিষার ফলন ভালো হওয়ায় কৃষকরা সরিষা চাষে ঝুঁকে পড়েছে। আমার খুবই ভালো লাগছে এই ধুবাইলের পুরো মাঠজুড়েই হলুদ আর হলুদ দেখে।

অল্প খরচে এবং স্বল্প সময়ে বেশি উৎপাদন এবং লাভজনক হওয়ায় কৃষকদের মধ্যে সরিষা চাষে দিন দিন আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। সরিষা জনপ্রিয় করতে উপজেলা প্রশাসনের সহযোগিতায় কৃষি বিভাগের মাধ্যমে কৃষকদের সব ধরনের সহযোগিতা দেয়া হচ্ছে।

মৌ-খামারের মধু মামুন বলেন, নিজে কিছু করার চেষ্টা এবং অন্য মানুষদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করতেই আমার এ পথচলা। আমার খামারে উৎপাদিত মধু দেশের বিভিন্ন স্থানে পাঠানোর পাশাপাশি বিদেশেও রফতানি করা হয়ে থাকে।

তিনি জানান, কুষ্টিয়ার মিরপুর ও নাটোরের ও চলনবিল সরিষা ফুল থেকে মধু সংগ্রহ চলছে। মাত্র দুই সপ্তাহেই তিনটি খামার মিলে সপ্তাহে ২৫০ কেজি মধু সংগ্রহ করা হয়েছে। এ বছর ২০০টি বাক্সের মাধ্যমে মধু সংগ্রহ করছি। উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছি ১৫ টন মধু।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ বলেন, মৌমাছি পরাগায়নে সহায়তা করছে বলেই ফলে সরিষা আগের তুলনায় ফলন আরও ৩০ শতাংশ বাড়বে। চলতি অর্থ বছরে এই মিরপুর উপজেলার একটি মাঠ থেকেই ৩ টনের উপরে মধু সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

তিনি আরও জানান, ২০১৯ সালে সরিষার আবাদ হয়েছিলো ১০৫০ হেক্টর জমিতে। বর্তমানে সরিষা ফুল থেকে মধু সংগ্রহ করায় তা বেড়ে ১ হাজার ২০০ হেক্টর জমিতে সরিষার চাষ হয়েছে।

পরে ইউএনও এবং কৃষি কর্মকর্তারা বিনা সরিষা-১০ জাতের সরিষা প্রদর্শনী পরিদর্শন করেন এবং বিভিন্ন কৃষকদের সাথে মতবিনিময় করেন।

এ সময় মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী উদ্ভিদ সহকারী অফিসার ফরহাদ শরীফসহ বিভিন্ন গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

নারীবান্ধব ওয়ার্ড গড়ে তোলার লক্ষ্যে কাজ করবেন শাহনাজ সুলতানা বনী

কুষ্টিয়া পৌরসভার ১,২ ও নং ওয়ার্ডের সংরক্ষিত নারী আসনের কাউন্সিলর শাহনাজ সুলতানা বনীকে পূর্ণ সমর্থন জানিয়েছেন কুষ্টিয়া শহরের থানা ট্রাফিক মোড়ের শতাব্দী ভবনের ম্যানেজার শেখ নাজিম আহমেদ কামাল।

গতকাল সন্ধ্যায় থানা মোড়ে শতাব্দী ভবনের ম্যানেজারের কক্ষে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মুক্তিযুদ্ধের চেতনায় অবিচল, মাটি ও মানুষের প্রতি অকৃত্রিম ভালবাসা ও সেবার দৃঢ় প্রত্যয় নিয়ে মানুষের ভালবাসার ডাকে সাড়া দিয়ে তিনি আবারও এই পৌরসভা নির্বাচনে প্রার্থী হয়েছেন। নারী কাউন্সিলর হিসেবে তিনি ব্যাপক কাজ করেছেন। শুধু তাই নয়, করোনাকালীন অনেক কর্মহীনদের বাড়ীতে বাড়ীতে গিয়ে খাদ্য সামগ্রী বিতরণ সহ, হ্যান্ড স্যানিটাইজার, সাবাব ও মাস্ক বিতরণ করেছেন।

শাহনাজ সুলতানা বনী জানান, আবারও বিজয়ী হলে নিরাপদ, নারীবান্ধব ওয়ার্ড গড়ে তোলার লক্ষ্যে তিনি কাজ করবেন, বর্তমানে নারীরা বিভিন্ন ধরনের পেশায় যুক্ত থাকায় গতিশীলতা বেড়েছে। তবে নারীরা রাস্তাঘাটে গণপরিবহন, কর্মক্ষেত্রে নিরাপত্তার অভাবে বিভিন্ন সহিংসতার শিকার হচ্ছেন। তিনি সকল নারীদের অধিকার প্রাপ্তিতে, কর্মজীবী নারী-শিশুদের নিরাপত্তা নিশ্চিতের জন্য কাজ করবেন।

তিনি বলেন, কর্মক্ষেত্রে সব জায়গায় সমাজের সর্বস্তরে নারীদের

সমান অংশ গ্রহণ নিশ্চিতে কাজ করছে সরকার। কিন্তু নারীদের সাফল্যের জন্য নারীর প্রতি সমাজের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য নারীর নিজের চিন্তা চেতনাকে বিকশিত করতে হবে। নিজেদের মানুষ হিসেবে ভাবতে হবে। বাংলাদেশকে সোনার বাংলা গড়তে নারী-পুরুষ সবাইকে সমানভাবে কাজ করতে হবে।

কুষ্টিয়া শহরের আমার ওয়ার্ডের প্রতিটি মানুষই আমাকে ভালবাসে, স্নেহ করে। আমি কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালনকালে অসহায়দের পাশে দাঁড়িয়েছি।
তাদের সুখে দুখে সবসময় তাদের পাশে ছিলাম আছি এবং থাকবো। বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির এই কুষ্টিয়ার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবারও নির্বাচন করার সিদ্ধান্ত নিয়েছি এবং নির্বাচনী মাঠে ব্যাপক সাড়া পাচ্ছি। আমি আশা করছি এবারের নির্বাচনেও ভোটাররা আমাকে বিপুল ভোটে অবশ্যই মূল্যায়ন করবেন।

কুষ্টিয়ায় চোরায়কৃত মোটরসাইকেল ও মোবাইলসহ আটক-৪

কুষ্টিয়ায় চোরায়কৃত মোটরসাইকেল ও মোবাইল ফোনসহ চোর সদস্যের চারজনকে আটক করেছে পুলিশ। জেলা পুলিশ সুপার এস.এম তানভীর আরাফাতের নির্দেশনায় মামুন অর রশিদ (তদন্ত) এর নেতৃত্বে পুলিশের বিশেষ অভিযানে শহরের বিভিন্ন জায়গা থেকে তাদেরকে আটক করেন।

আটকের পর তাদের স্বীকারোক্তি মূলে তাদের হেফাজতে থাকা ১টি ১০০সিসির মোটর সাইকেল ও ১৫টি মোবাইল সেট উদ্ধার করেন।

গতকাল সোমবার বিকেলে কুষ্টিয়া মডেল থানা প্রাঙ্গনে অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম প্রেস কনফারেন্সের মাধ্যমে সাংবাদিকদেরকে জানান, আটকৃতরা হলো মোল্লাতেঘরিয়া এলাকার রওশন আলীর ছেলে মিলন, কুমারখালী থানার সাওতা উত্তরপাড়া গ্রামের লুৎফর রহমানের ছেলে মেহেদী হাসান, হররা কামারপাড়া এলাকার জয়নাল শেখের

ছেলে সজিব শেখ ও চৌড়হাস এলাকার আনারুল ইসলামের ছেলে নুর ইসলাম।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম বলেন, কয়েকদিন আগে কুষ্টিয়া মডেল থানায় একটি মোটরসাইকেল চুরির মামলা দায়ের হয়। এরই ধারাবাহিকতায় তদন্ত করতে গিয়ে এই চোর চক্রের সন্ধান পাই। তাদেরকে জিজ্ঞাসাবাদ মোতাবেক একটি মোটরসাইকেল ও ১৪টি মোবাইল ফোন উদ্ধার করি। তবে ধারণা করছি আরও হয়ত থাকতে পারে, জিজ্ঞাসাবাদে যাদের নামই আসুক তাদেরকে আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়ার মিরপুর গলাকাটা যুবকের লাশ উদ্ধার

কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমবাড়ীয়ায় ইউনিয়নের হালসায় ছলেমান হোসেন (২৮) নামের এক যুবকের গলাকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার সকাল ৯টার দিকে হালসা দরগার মাঠ থেকে এই লাশ উদ্ধার করা হয়।

নিহত ছলেমান হালসা গ্রামের ভাদু আলির ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা গোলাম মোস্তফা জানান, মঙ্গলবার সকালে এলাকাবাসী হালসা দরগার মাঠে ছলেমানের গলাাকাটা লাশ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দিলে মিরপুর থানা পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে। তবে কি কারনে কে বা কারা এই হত্যাকান্ড ঘটিয়েছে তা তদন্তের পরেই বিস্তারিত জানা যাবে।

ছলেমান বাবার সাথে কৃষি কাজ করতেন জানিয়ে ওসি আরো বলেন, নিহতের লাশ ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হবে।

বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর, ৩ আসামি রিমান্ডে

কুষ্টিয়ার কুমারখালীর কয়া মহাবিদ্যালয়ের সামনে অবস্থিত ব্রিটিশবিরোধী আন্দোলনের বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্য ভাঙার ঘটনার গ্রেপ্তার যুবলীগ নেতা আনিছ, সবজু ও হৃদয়কে তিন দিন করে পুলিশ রিমান্ডে দিয়েছে আদালত।

সোমবার দুপুরে কুষ্টিয়ার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কুমারখালী আমলি আদালতে আধা ঘণ্টাব্যাপী শুনানি শেষে বিজ্ঞ বিচারক সেলিনা খাতুন তিন দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেন। এ সময় আসামিপক্ষের আইনজীবীরা পুলিশ রিমান্ডের বিপক্ষে যুক্তি উপস্থাপন করে আসামিদের জামীন আবেদন করেন।

তিন দিনের পুলিশ রিমান্ডের আবেদন মঞ্জুর করার পর কঠোর নিরাপত্তা ব্যবস্থায় আসামিদের জেলা কারাগারে নেওয়া হয়।

এর আগে রিমান্ড শুনানির জন্য কুষ্টিয়া কারাগার থেকে বেলা ১১টায় আসামিদের আদালতে আনা হয়। এ ঘটনার পেছনে কোনও জঙ্গি বা রাজনৈতিক গোষ্টীর মদদ ও অন্য কেউ জড়িত আছে কিনা সেই বিষয়ে খতিয়ে দেখতে গেলো শনিবার বিকেলে একই আদালতে হাজির করে আসামিদের প্রত্যেকের সাত দিন করে পুলিশ রিমান্ডের আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ও কুমারখালী থানার ওসি (তদন্ত) রাকিবুল হাসান।

১৭ ডিসেম্বর দিনগত রাত পৌনে একটার দিকে কুমারখালীর কয়া ইউনিয়নের কয়া মহাবিদ্যালয়ের সামনে অবস্থিত ব্রিটিশবিরোধী আন্দোলনের বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্যে ভাংচুর হয়। ঘটনার পর বিশেষ ক্ষমতা আইনে অজ্ঞাত কয়েকজনকে আসামি করে মামলা দায়ের করেন কয়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হারুনুর রশিদ।

পরদিন চারজন আসামিকে শনাক্ত ও তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ। বাচ্চু নামে অপর আসামি পলাতক রয়েছে। গ্রেপ্তারকৃত আনিছুর রহমানকে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি পদ থেকে বহিষ্কারের সুপারিশ করেছে জেলা যুবলীগ।

রিমান্ড মঞ্জুর হওয়ার পর রাষ্ট্রপক্ষের আইনজীবী অ্যাডভোকেট জয়দেব বিশ্বাস সন্তোষ প্রকাশ করেন। আর আসামিপক্ষের আইনজীবী

অ্যাডভোকেট আবু সাঈদ বলেছেন, দায়েরকৃত অভিযোগের সঙ্গে আসামিরা সম্পৃক্ত নয়। এ মামলায় আসামিদের রিমান্ডের প্রয়োজন হয় না।

প্রসঙ্গত, পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত জানান, গ্রেপ্তারের পর আসামিরা প্রাথমিক জিজ্ঞাসাবাদে কয়া মহাবিদ্যালয়ের পরিচালনা পরিষদ কমিটির আভ্যন্তরীণ কোন্দলে এ পক্ষকে ফাঁসাতে তারা এই ভাস্কর্য ভাংচুর করেছে বলে স্বীকার করেন।

কুষ্টিয়ার মিরপুরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে কমলা-হারুন মেধাবৃত্তি সংগঠন আয়োজিত বৃত্তিপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা, ল্যাপটপ ও ক্রেস্ট প্রদান করা হয়।

গতকাল শনিবার সকালে মেগাটেক ফাউন্ডেশনের চেয়ারম্যান সোনিয়া সুলতানার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব একেএম টিপু সুলতান, বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জোবায়ের হোসেন চৌধুরী ও মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত সচিব টিপু সুলতান বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। তাই শিক্ষার বিকল্প নেই। যে জাতি যত শিক্ষিত, সে জাতি তত উন্নত। শিক্ষা ও জ্ঞান অর্জনের মাধ্যমে আলোকিত মানুষ ও সমাজ গড়তে হবে। দেশের অগ্রগতি-উন্নয়ন ত¦রান্বিত ও সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, আইলচারা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, পোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক কামরুন নাহার, সাবেক ইউপি চেয়ারম্যান মোতালেব হোসেন, মেগাটেক ফাউন্ডেশনের সমন্বয়কারী হাফিজুর রহমান প্রমুখ।

সভা শেষে বৃত্তিপ্রাপ্ত মাধ্যমিক স্তরের এক ছাত্র ও প্রাথমিক স্তরের এক ছাত্রকে দুটি ল্যাপটপ ও অংশগ্রহণকারী অপর ৩০ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়।

ভাস্কর্য ভাঙায় অভিযুক্ত যুবলীগ সভাপতি বহিষ্কার

কুষ্টিয়ার বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্য ভাঙায় জড়িত থাকার অভিযোগে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে কুমারখালী উপজেলার কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে।

গতকাল শনিবার বিকেলে উপজেলা যুবলীগের দপ্তর সম্পাদক মনোয়ার হোসেন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকার অপরাধে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক মনির হাসান রিন্টু বলেন, যুবলীগ কোনো রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকতে পারে না। ব্যাপারটি ক্ষতিয়ে দেখতে ইতোমধ্যে পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কুষ্টিয়ায় বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর, ৩ যুবলীগ

নেতা গ্রেপ্তার

কুষ্টিয়ার কুমারখালীতে ব্রিটিশবিরোধী আন্দোলনের অন্যতম বিপ্লবী নেতা বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় তিন জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার দুপুরে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) তানভীর আরাফাত।

সংবাদ সম্মেলনে তিনি জানান, কয়া মহাবিদ্যালয়ের কমিটি নিয়ে বর্তমান সভাপতির সঙ্গে স্থানীয় একটি গ্রুপের দ্বন্দ্ব চলছিলো বেশ কিছুদিন ধরে। এরই জের ধরে বৃহস্পতিবার (১৭ ডিসেম্বর) রাত ১টার সময় কয়া ইউনিয়নের যুবলীগ সভাপতি আনিসুর রহমানের নেতৃত্বে চারজন মিলে বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর করে। বাঘা যতীনের ভাস্কর্যের নাক ও ডান গালের কিছু অংশ ক্ষতবিক্ষত করে।নৈশপ্রহরী খলিলুর রহমান এটি দেখে ফেলেন এবং পুলিশের কাছে জবানবন্দিতে এ কথা জানান তিনি।

বিভিন্ন তথ্য উপাত্তের ভিত্তিতে শনিবার (১৯ ডিসেম্বর) সকালে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিসসহ সংগঠননের সদস্য সবুজ হোসেন (২০) ও হৃদয় আহমেদ (২০) কে গ্রেপ্তার করা হয়।

তবে ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক শাহীনুর ওরফে বাচ্চু নামের আরেকজন এখনো পলাতক রয়েছে বলেও জানান পুলিশের এই কর্মকর্তা।

এর আগে ভাঙচুরের ঘটনায় কুমারখালী থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা করেছেন কয়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হারুন উর রশিদ।

প্রসঙ্গত, মাত্র ৩৬ বছর বয়সে ১৯১৫ সালের ১০ সেপ্টেম্বর ইংরেজ বাহিনীর সঙ্গে সম্মুখযুদ্ধে নিহত হন বিপ্লবী বাঘা যতীন।

ব্রিটিশ ভারতে বাঙালিসহ ভারতবর্ষের সব জাতিসত্তার স্বাধীনতার সংগ্রাম ছিল এক সূত্রে গাঁথা। প্রধান লক্ষ্য ছিল ইংরেজদের বিতাড়ন করা। আর ইংরেজ ঔপনিবেশিক শাসকদের বিরুদ্ধে যারা স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রাম করেছেন, যাদের আত্মদান ইংরেজ শাসকদের বুকে কাঁপন ধরিয়েছে, তাদের অন্যতম বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়।

যিনি ‘বাঘা যতীন’ নামে বেশি পরিচিত। দেশমাতৃকার প্রতি গভীর ভালোবাসা ও দায়বদ্ধতা, অপরিসীম সাহস ও শৌর্যবীর্য তাকে

অগ্নিযুগের বিপ্লবীদের প্রথম সারিতে স্থান দিয়েছে।

কুষ্টিয়ার ৪ টি পৌরসভার প্রার্থী নাম ঘোষণা

বাংলাদেশ আওয়ামী লীগ কুষ্টিয়া জেলা থেকে মনোনীত মেয়র পদপ্রার্থী হিসেবে কুষ্টিয়ার ৪ টি পৌরসভার আওয়ামী লীগের প্রার্থী ঘোষণা করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে বাংলাদেশ আওয়ামী লীগ স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সভায় সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৬ জানুয়ারি দ্বিতীয় ধাপে মেয়র প্রার্থী হিসেবে আওয়ামী লীগের প্রার্থীদের তালিকা চূড়ান্ত করেন।

কুষ্টিয়া পৌরসভার মেয়র হিসেবে আওয়ামী লীগের নেতা আনোয়ার আলী, ভেড়ামারা পৌরসভার আলহাজ্ব শামিমুল ইসলাম ছানা, মিরপুর পৌরসভার আলহাজ্ব এনামুল হক ও কুমারখালি পৌরসভার শামছুজ্জামান অরুনকে আওয়ামী লীগের মনোনয়ন নিশ্চিত করা হয়।

অন্যদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কুষ্টিয়া জেলা থেকে মনোনীত মেয়র পদপ্রার্থী কুষ্টিয়া পৌরসভার মোঃ বশিরুল আলম চাঁদ, কুমারখালী পৌরসভার আনিসুর রহমান, ভেড়ামারা পৌরসভার মোঃ শামিম রেজা ও মিরপুর পৌরসভার মোঃ আবজাল হোসেনকে মনোনীত করেছে।